



সীমিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কোস্ট গার্ড পশ্চিম জোন
দিগরাজ, মোংলা, বাগেরহাট

৪৪.০৮.০১৫৮.৩০০.০৬.২২১.২০.১৩২৩

তারিখ ১৮ মে ২০২০

২০২০-২০২১ অর্থ বছরে কোস্ট গার্ড পশ্চিম জোনে সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ন বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ কোস্ট গার্ড পশ্চিম জোনে ২০২০-২০২১ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত শ্রেণীভুক্ত সরবরাহকারী, মেরামতকারী ও ওয়ার্কশপ প্রতিষ্ঠানসমূহ হতে তালিকাভুক্তি/নবায়নের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক। শ্রেণী - ক : সরবরাহকারী প্রতিষ্ঠান- সকল প্রকার পণ্য সামগ্রী (GOODS), অফিস ও অন্যান্য যন্ত্রপাতি (কম্পিউটার, প্রিন্টার, পিপিসি মেশিন, টেলিভিশন, ফ্রিজ, এসি, ফোন, ফ্যাক্স, ক্যামেরা, ইউপিএস, আইপিএস, নেট কাউন্টিং ইত্যাদি সরবরাহ)।

খ। শ্রেণী - খ : মেরামতকারী প্রতিষ্ঠান- সকল প্রকার পণ্য সামগ্রী (GOODS), অফিস ও অন্যান্য যন্ত্রপাতি (কম্পিউটার, প্রিন্টার, পিপিসি মেশিন, টেলিভিশন, ফ্রিজ, এসি, ফোন, ফ্যাক্স, ক্যামেরা, ইউপিএস, আইপিএস, নেট কাউন্টিং ইত্যাদি মেরামত)।

গ। শ্রেণী - গ : প্রতিষ্ঠান - যানবাহন, জলযান ও ইকুইপমেন্ট ইত্যাদি মেরামতের জন্য।

২। ক ও খ শ্রেণীভুক্ত সকল সরবরাহকারী ও মেরামতকারী প্রতিষ্ঠান সমূহকে মূসক-৮ ফরমে Procurement Provider হিসাবে এবং গ শ্রেণীভুক্ত প্রতিষ্ঠানসমূহকে মূসক-৮ ফরমে Service Renderer হিসাবে নিবন্ধিত হতে হবে।

৩। দরপত্রে অংশগ্রহণের জন্য এক শ্রেণীতে তালিকাভুক্ত হয়ে অন্য শ্রেণীর দরপত্রে অংশগ্রহণ করা যাবে না। প্রত্যেক শ্রেণীর জন্য আলাদা আলাদা ভাবে তালিকাভুক্ত এবং সংশ্লিষ্ট মূসক ফরমে নিবন্ধিত হতে হবে।

৪। তালিকাভুক্তি ও নবায়ন ফি :

ক। শ্রেণী ভিত্তিক তালিকাভুক্তি ফি টাকা ৫,০০০/০০।

ক। শ্রেণী ভিত্তিক নবায়ন ফি টাকা ২,০০০/০০।

৫। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে জোনাল কমান্ডার, বাংলাদেশ কোস্ট গার্ড পশ্চিম জোন বরাবরে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ফোন ও মোবাইল নম্বরসহ প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদন করতে হবে। এছাড়া প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্থায়ী ও বর্তমান ঠিকানা (ফোন নম্বরসহ) আবেদন পত্রে উল্লেখ করতে হবে।

৬। আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে :

ক। হালনাগাদ ট্রেড লাইসেন্স।

খ। হালনাগাদ ইনকাম ট্যাক্স সার্টিফিকেট।

গ। হালনাগাদ ভ্যাট নিবন্ধন সার্টিফিকেট।


ঘ। হালনাগাদ ব্যাংক সক্ষমতার সার্টিফিকেট।

ঙ। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি।

চ। প্রতিনিধি ও স্বত্বাধিকারীর সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি- ০২ (দুই) কপি।

৭। আগ্রহী প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি/নবায়নের আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ১৫ জুন ২০২০। উল্লেখ্য অন্যান্য সরকারী সংস্থায় কালো তালিকাভুক্ত/অযোগ্য প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তির জন্য আবেদন গ্রহণযোগ্য হবে না।

৮। জোনাল কমান্ডার, বাংলাদেশ কোস্ট গার্ড পশ্চিম জোন কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


এম মেহমুদ-ই-আহসান
লেঃ কমান্ডার বিএন
পক্ষে জোনাল কমান্ডার

সীমিত